আমি আপনাদের সাথে অনলাইনে কিভাবে Income করতে পারেন সে বিষয়ে আলোচনা করবো । তার আগে বলতে হয় আমাদের দেশে চাকুরীর বাজার খুব খারাপ। অনেক শিক্ষিত যুবক-যুবতী আছেন যারা মাসের পর মাস, বছরের পর বছর Job এর জন্য Interview দিয়ে যাচ্ছেন। কিন্তু ফলাফল শুন্য। সে জন্য আমাদের বেশির ভাগ লোকই Frustration পরে যাই। হয়তবা আমাদের নিজের কাছে মনে হয়, আমি ভাল করে পড়াশুনা করি নাই সে জন্য চাকুরী পাই নাই। আমার দৃষ্টিতে সেটা ভুল। যাদের বিশেষ করে মামা-চাচা আছে, তাদের ক্ষেত্রে পড়াশুনা তেমন একটা দরকার পরে না। তবুও কিন্তু চাকুরী পেয়ে যায়। তাই বলে তো সবার এমন মামা-চাচা নাই যে Job এর জন্য সুপারিশ করবে Job হয়ে যাবে। যাদের মামা-চাচা নাই তাদের জন্য আমার এই লেখাটা।

কি কি প্রয়োজন Online এ কাজ করার জন্য?

আপনাকে Online এ কাজ করতে হলে প্রথমত ইংলিশ ভাল জানতে হবে। যদি আপনার ইংলিশে ভাল জ্ঞান না থাকে তাহলে আমি বলবো প্রথমে আপনি ভাল করে ইংলিশ শিখেন। ইংলিশ শিখবেন বলতে Writing Skill with good vocabulary থাকতে হবে। আপনি যে কোন topics লেখার আগে Internet Search করে basic concept নিতে পারেন। কিন্তু তাদের লেখা হুবুহু copy-paste করা যাবে না। সেটা আপনার নিজের মত করে লিখতে হবে। দ্বিতীয়ত আপনার একটি Personal কম্পিউটার লাগবে যা আপনি নিজের মত করে ব্যবহার করতে পারেন। তৃতীয়ত আপনার minimum 512kbps Internet connection থাকতে হবে for unlimited. যদি উপরের Condition গুলো fulfill থাকে তাহলে আপনি Online এ কাজের জন্য যোগ্য। অন্যথায় উপরের তিনটি Condition এর মধ্যে যদি একটি Condition অপূর্ণ থাকে তাহলে আপনি কাজ করতে পারবেন না। তারপরও যদি আপনি একটি Condition অপূর্ণ রেখে কাজ করেন, তাহলে আপনি যেটুকু সময় Online এ ব্যয় করলেন সবটুকুই বৃথা।

কি ধরনের কাজ করা যায়?

Online এ বিভিন্ন ধরনের কাজ পাওয়া যায়। যেমনঃ Web Development, Graphics Design, Search Engine Optimization (SEO), Affiliate Marketing, Data Entry, Paid Survey etc এ রকম অনেক কাজ আছে। তবে এখানে যে ধরনের কাজ আছে সব কাজ তো একার পক্ষে করা সম্ভব নয়। তাই এমন ১-২টি কাজ নিয়ে কথা বলবো যে গুলো আমরা করতে পারি। Without any coding Language.

What is SEO?

যদি SEO নিয়ে আলোচনা করি তাহলে পুরো সময় চলে যাবে SEO নিয়ে কথা বলে। কিন্তু আমি এখানে SEO নিয়ে বিস্তারিত আলোচনা করবো না। তবে SEO এর Demand ভাল আছে Freelancing Site গুলোতে। আবার আপনার যদি কোন নিজস্ব ব্লগ থাকে, সেটাকে SEO করে Google Ranking এ এনেও কিন্তু আপনি

www.bookbd.info

ইনকাম করতে পারেন। তবে আমাদের দেশে যারা আগে SEO করত, তাদের ৯৫% এখন আর SEO তে কাজ করে না। আর বাকি ৫% আছে তাদের পজিশন SEO তে টপ লেভেল। কারন ২০১৩ এর মাঝামাঝি google panda and penguin update করার কারনে আমাদের দেশে যে ৯৫% লোক SEO নিয়ে কাজ করত তাদের SEO তে google এখন আর কোন Value দেয় না। কারন তারা অন্যের লেখা copy-paste করে ববহার করত। ২০১৩ সালের মাঝামাঝি তে google সেটা clearly বলে দিয়েছে। আর যে বাকি ৫% আছে তাদের পজিশন SEO তে টপ লেভেল হওয়ার মুল কারণ হল তারা Well Educated. তারা কখনও অন্যের লেখা copy-paste করে না। তারা সব সময় Unique কিছু লিখে। তাই google তাদের লেখাকে খুব গুরুত্ব দেয়। তাই আপনি যদি ভাল ইংলিশ জানেন এবং কোন বিষয় সম্পর্কে ভাল জানেন, তাহলে SEO আপনার জন্য better. অন্যথায় আপনি যদি ভাল ইংলিশ না জানেন তাহলে সেদিকে না যাওয়া টাই ভাল।

Affiliate Marketing:

Affiliate Marketing বলতে ৯৮% Digital Product Sell করা Online এ। বাকি ২% হল Health Related ও অনান্য কিছু Product আঝে যে গুলো Online বেচা-কেনা হয়। আমি মূলত SEO & Affiliate Marketing নিয়েকাজ করি। তাই বলে আমি কখনও oDesk বা অন্য কোন Freelancing site থেকে bid করে কাজ করি না SEO এর জন্য। আমি মূলত নিজের Website SEO করে ভাল Marketplace থেকে Affiliate Link এনে নিজের Website এ use করে Income করি। আমার মূলত Affiliate Marketing এর Income আসে Organic Traffic থেকে। আমি কখনও Paid Traffic নিয়ে কাজ করি না। তবে হ্যাঁ, Paid Traffic নিয়ে যদি আপনি কাজ করতে পারেন তাহলে আপনাকে SEO এর কোন ঝামেলা করতে হবে না। বিশেষ করে আমি Paid Traffic এ Expert না। Paid Traffic এ টাকা পয়সার Risk থাকে, যদি না আপনি প্রথমে ভাল করে Research করতে পারেন। আর সব চেয়ে বড় কথা হল, আপনি যে Niche নিয়ে কাজ করবেন সেই Niche এর Buyer Traffic লাগবে Income করার জন্য। Buyer Traffic ছাড়া আপনি কখনও Affiliate Marketing এ Income করতে পারবেন না। অনেক কথা হল, লেলায় ভুল হলে ক্ষমার দৃষ্টিতে দেখবেন।

www.bookbd.info

PriyoTech
Thursday, January 15, 2015
http://tech.priyo.com/news/2015/1/15/27190.html

বাংলাদেশে খুব শুরুর দিকে যারা ইন্টারনেট মার্কেটিং, বিশেষত এসইও নিয়ে কাজ করছেন আসিফ আনোয়ার তাদের অন্যতম। তবে ইদানিংকার ফ্রীল্যান্স-ভিত্তিক এসইও নয়, তিনি মুলত কাজ করেছেন কর্পোরেট-ভিত্তিক বিজনেস কন্সালটেন্সি নিয়ে। বাংলাদেশ সরকার ও ইউএনডিপি এর যৌথ উদ্যোগে এ২আই প্রকল্পের সাথে ওয়েব অপ্টিমাজেশনের জন্য ন্যাশনাল কন্সালটেন্ট হিসাবে কাজ করেছেন অনেকদিন। আসিফ আনোয়ার ইন্টারনেট মার্কেটিং বিষয়ে একজন সফল ট্রেইনার, বক্তা, এবং ব্লগার। এসইও এর জন্য জগতখ্যাত "সার্চ ইঞ্জিন জার্নাল" সহ অন্য আরও ইন্টারনেট মার্কেটিং-ভিত্তিক ওয়েব ম্যাগাজিনের নিয়মিত লেখক। প্রিয় ডট কমের সাথে সাক্ষাৎকারে এসইও নিয়ে বিস্তারিত কথা বলেছেন আসিফ আনোয়ার।

SEO কী? আপনি SEO এর সাথে কীভাবে জড়ালেন?

ধরুন আপনার একটি গার্মেন্টস এক্সপোর্ট ব্যবসা আছে। আপনার বেশিরভাগ ক্রেতা বিদেশী। বাইরের দেশে বেশির ভাগ মানুষ গুগল বা বিং ব্যবহার করে "Garments Exporters from Bangladesh" সার্চ দেয়। সার্চ দেবার পর যদি আপনার সাইট খুজে পায়, তাহলে আপনার কাছে কিছু অর্ডার চলে আসে। তা না হলে, এসব ক্রেতাদের সাথে আপনার যোগাযোগ কখনই হবে না। "Garments Exporters from Bangladesh" হচ্ছে কিওয়ার্ড, যা দিয়ে ক্রেতারা সার্চ করছে। আর এই কিওয়ার্ডে এর জন্য আপনার সাইটকে গুগল বা বিং-এ প্রথম ১০টি সাইটের লিস্টে আনার জন্য কাজগুলোকে সার্চ ইঞ্জিন অপ্টিমাজেশন বা সংক্ষেপে এসইও বলে।

২০০১ সালে আমি প্রথম আমার ওয়েবসাইট বানাই, পরে সেটা হোস্টও করি। কিন্তু, নিজের নামে সার্চ করলে সাইটটা খুজে পাওয়া যেত না বলে খুব খারাপ লেগেছিল। তখন ওটা করতে গিয়ে, কিছু কৌশলের সাথে পরিচিত হই। আর ওটা করেই নিজের সাইটকে গুগলে ইনডেক্স করাই। মজার ব্যাপার হলো, "সার্চ ইঞ্জিন অপ্টিমাজেশন" শব্দটা তখনও ব্যবহার শুরু হয়নি। কারন, ডেনি সুলিভান প্রথম শব্দটা ব্যবহার করেন ২০০৩ সালে। তারপর থেকেই ২০০৩ সাল থেকে অনেক রিসার্চ হতে থাকে সার্চ ইঞ্জিন অপ্টিমাজেশন নিয়ে। তাই, অনেকটা শুরু থেকেই

www.bookbd.info

এর সাথে আছি। আর এই ক্ষেত্র এতবেশি পরিবর্তনশীল যে, সবসময় পড়াশোনার উপরে থাকতে হয়। তাই আজও পড়াশোনা করে যাচ্ছি।

অ্যাফিলিয়েট মার্কেটিং এর সাথে SEO এর সম্পর্ক কি?

অ্যাফিলিয়েট মার্কেটিং হল একটি স্বতন্ত্র ব্যবসা, যেখানে আপনার বিক্রিত পন্যের মালিক অন্য কেউ। মানে, আপনি বড় কোনো কোম্পানির পণ্যের মার্কেটিং প্রতিনিধি। আজকাল অনেক পণ্য অনলাইনে বিক্রি হয়। আপনি কোনো বড় একটা কোম্পানির পণ্য অনলাইনে বিক্রি করে দিতে পারলে তারা আপনাকে ভালো একটা কমিশন দেয়। আর এভাবেই অনেকে অ্যাফিলিয়েট মার্কেটিং এর কাজ করে যাচ্ছে। তবে বিক্রি বাড়াতে হলে আপনাকে কোয়ালিফাইড ট্র্যাফিক আনতে হবে আপনার সাইটে বা অ্যাফিলিয়েটেড কোম্পানির সাইটে। কোয়ালিফাইড ট্র্যাফিক হলো, এমন কিছু ক্রেতা বা ইচ্ছুক লোকজন, যারা আপনি যা বিক্রি করতে চাচ্ছেন, তাই কিনতে ইচ্ছুক। কিন্তু, তার জন্য প্রথম কাজ যেটা লোকজন করে, তা হলো গুগল বা বিং এ সার্চ করে। আর সার্চ করে যদি আপনার বা কোম্পানির সাইট পায়, তখন অনলাইনে অর্ডার দেয়। আর তাই, অ্যাফিলিয়েটেড মার্কেটিং-এ সফল হবার জন্য সার্চ ইঞ্জিন অপ্টিমাজেশন একটা মুল কৌশল হিসাবে কাজ করে। আপনার সাইটে ট্র্যাফিক আনার আরো অনেক কৌশল থাকলেও, কেবলমাত্র সার্চ ইঞ্জিন অপ্টিমাজেশন সঠিক সময়ে, সঠিক লোকের মাঝে, সঠিক বার্তা পৌছে দিতে পারে (Right message in the right time to the right people).

বাংলাদেশে SEO করার মতো দক্ষ কর্মী কি আছে? কোন দেশগুলো বাংলাদেশের কর্মীদের প্রতি আগ্রহী?
২০১২ সালে ওডেস্কের ম্যাট কুপারের সাথে কথা বলার এক পর্যায়ে আমাকে জানান যে, ওডেস্কে যত এসইও-এর কাজ হয় তার ২৫% এখন বাংলাদেশ থেকে হচ্ছে। যদি কোয়ান্টিটির কথা বলেন, আমাদের দেশ কোয়ান্টিটি কাজের জন্য স্বর্গরাজ্য। কিন্তু, কোয়ালিটি কাজের জন্য বাংলাদেশের মার্কেট এখনও পরিপক্ক হয়ে উঠেনি। তবে আমি বেশ আশাবাদী যে আগামী ৫ বছরে আরও পরিপক্ক হবে এই ইন্ডাস্ট্রিটি।

তবে, ইংলিশ লিটারেসি কম হওয়ায়, ইংলিশে আর্টিকেল লেখার জন্য ভালো লোক খুজে পাওয়া যায় না। আর অল্পবিস্তার যারা ভালো লিখেন, ওদের চাহিদা বেশি থাকায়, বেশি মূল্যে অন্য কিছুতে নিয়োজিত আছেন। তবে, এসইও এর জন্য কিছু কিছু ক্ষেত্রে কোয়ান্টিটি বা ক্ল্যারিক্যাল কাজের চাহিদা আছে। এই কাজগুলো বাংলাদেশে প্রচুর আসে। কারন বাংলাদেশে আইটি শ্রমিক বেশ সস্তা।

আর সস্তা হবার কারনে নানান দেশ থেকে বাংলাদেশী আইটি শ্রমিকদের অনেক চাহিদা রয়েছে। শুধু গুটি কয়েক দেশের নাম বললে ভুল হবে। তবে, আমাদের দেশ থেকে যাদের আইটি শ্রমিকদের পারিশ্রমিক বেশি, সেসব দেশ থেকেই অর্ডার আসে বেশি।

বাংলাদেশের ইন্টারনেট কানেকশন কি SEO করার জন্য সহায়ক?
গ্রাফিক ডিজাইন বা ভিডিও এডিটিং এর জন্য বেশি ব্যান্ডউইথের দরকার হলেও, সার্চ ইঞ্জিন অপ্টিমাজেশনের জন্য তত বেশি ব্যান্ডউইথের দরকার হয় না। অবশ্য সাধারন ব্রাউজিং এর জন্য যতটুকু দরকার, তার চেয়ে একটু বেশি দরকার হয়। এখানে যেসব কাজ আসে, সেগুলোর জন্য নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগের দরকার হয়। বাংলাদেশে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ খুব একটা বিরল না হলেও, কিছু কিছু ক্ষেত্রে অনেকের অভিজ্ঞতা খারাপ। আর, নিরবিচ্ছিন্ন বিদ্যুতের ব্যাপারটা বিরল হওয়ায়, বাংলাদেশে এসইও নিয়ে কাজ করতে হলে অনেক

www.bookbd.info

বেশি সমস্যা হয়। তবে সব মিলিয়ে, ক্ল্যারিক্যাল এসইও কাজের জন্য বাংলাদেশ অন্য যেকোনো দেশের থেকে বেশ ভালো স্থানে আসীন আছে।

SEO কে কি ফুলটাইম পেশা হিসেবে নেয়া সম্ভব?

অবশ্যই সম্ভব, আমি নিয়েছি ২০০৩ সাল থেকেই। কিন্তু একটা জিনিস মাথায় রাখতে হবেঃ এই বিদ্যা সাময়িক। কারন, আপনি যে কৌশল আজ শিখে ফেলছেন, তা ৬ মাস পর আর কাজ করবে না। আর যতদিন যাচ্ছে, ৬ মাসের এই গ্যাপ কমে যাচ্ছে। কারন, গত বছর লিখলে আমি ১ বছর গ্যাপের কথা বলতাম। ২ বছর পর হয়তো এটা ৩ মাসে নেমে আসবে। তাই, এই ইন্ডাস্ট্রিতে কামড়ে পরে থাকতে হলে আপনাকে প্রতিদিন, কিছু না কিছু পড়াশোনা করে যেতেই হবে। আপনাকে ইংলিশে লেখালেখির হাত বাড়াতে হবে। সেইসাথে আপনি যে ব্যবসার এসইও করতে চান, সেই ব্যবসার খুঁটিনাটিও শিখতে হতে পারে। কারন এসইও ধীরে ধীরে স্পেশালাইজেশনের দিকে ঝুঁকছে।

SEO শিখতে ইচ্ছুকদের জন্য প্রশিক্ষণের কোনো ব্যবস্থা আছে কি?

বাংলাদেশে ২০০৯ সালের পর থেকেই এসইও এর উপর অনেকের আগ্রহ বেড়েছে। তার সাথে সাথে গড়ে উঠেছে অনেক ভাল-মন্দ প্রশিক্ষণ প্রতিষ্ঠানও। আগ্রহী এসব শিক্ষার্থীদের এক প্লাটফর্মে নিয়ে আসার জন্য ২০১০ সালে আমি ফেসবুকে বাংলাদেশ ইন্টারনেট মার্কেটিং প্রোফেসনালস অ্যাসোসিয়েশান (বিম্পা) গ্রুপ প্রতিষ্ঠা করি। আর এখন ইন্টারনেট মার্কেটিং এর জন্য এটাই বাংলাদেশের সর্ববৃহৎ ফেসবুক গ্রুপ। এখান থেকে বিনামূল্যে সবাইকে এসইও-সহ ইন্টারনেট মার্কেটিং এর পরামর্শ দেওয়া হচ্ছে। এছাড়াও এখন বর্তমানে এসইও শেখার জন্য অনেক প্রতিষ্ঠান আছে, যার লিস্ট এখানে পাবেন।

কোন বিষয়ের দিকে নজর দিলে একজন দক্ষ SEO এক্সপার্ট হওয়া সম্ভব?

একটা ব্যাপার হলঃ যতই দিন যাচ্ছে, ততই কঠিন হচ্ছে এসইও কৌশলগুলো। তাই, ন্যাটিভ ইংলিশ ভাষীদের মত লেখার হাত না থাকলে বা মার্কেট ভালো না বুঝলে, ভবিষ্যতে এসইও এর জন্য কাজ করা কঠিন হয়ে যাবে। তাই, আপনার ইংলিশ লেখার হাত ভালো না হলে এটাকে ফুলটাইম পেশা হিসাবে নেওয়ার আগে ভালভাবে wPšÍv করে নিন। তবে শুধু লেখার দক্ষতা হলেই যে ভালো করা যায়, তা না। এসইও এর জন্য আপনাকে ৩টা বিষয়ে পারদর্শী হতে হয়ঃ
সায়েন্সঃ সাইটের জন্য হাল্কা পাতলা কোডিং জানা, গুগল আর বিং এর প্রযুক্তির ব্যাপারে জানা
আর্টসঃ ইংরেজিতে বা অন্য ভাষায় এবং কাঙ্খিত বিষয়ে ভালো লেখালেখির হাত
কমার্সঃ ট্র্যাফিকের সাইকোলজি বুঝে কোন ব্যবসাকে প্রসারের কৌশল জানা

আপনি যেকোনো ২টা বিষয়ে যদি পারদর্শী হন, তাহলে অন্য আরেকটির জন্য অন্য কারো সাহায্য নিয়ে এসইও কে ফুলটাইম পেশা হিসাবে নিতে পারেন।

আবার, যে ব্যবসার ব্যাপারে আপনার কোন জ্ঞান নেই, সেসব ক্ষেত্রেও কঠিন হয়ে যাবে ভবিষ্যতে। যেমন, একটা মেডিকেল সামগ্রী বিক্রি করার সাইটের জন্য এসইও করতে হলে, আপনার মেডিকেল সায়েন্সের জ্ঞান থাকা দরকার। এসইও এর জন্য আপনাকে ইন্ডাস্ট্রি অথরিটি অর্জন করতে হয় বা অন্য প্রতিদ্বন্দ্বীদের চেয়ে ভালো বক্তা হতে হয়। আর ভালো কন্টেন্ট ছাড়া সেটা অর্জন করা মোটেও সম্ভব না। এটা ছাড়া বর্তমানে কাজ হলেও, ভবিষ্যতে হয়তো সম্ভব হবে না।

www.bookbd.info

ইমেইল মার্কেটিং

লেখকঃ হাবীবুর রহমান দীপু
Fb: facebook.com/habibur.tutordipu
ইমেইল মার্কেটিং স্পেশালিস্ট,
ক্রিয়েটিভ আইটি লিমিটেড

ইমেইল মার্কেটিং আউটসোর্সিংয়ের গুরুত্বপূর্ণ একটি মাধ্যম

আধুনিক বিশ্বে মার্কেটিং জগতের সবচেয়ে বড় অংশ হচ্ছে ইন্টারনেট মার্কেটিং। আর এই ইন্টারনেট মার্কেটিং এর একটি শক্তিশালী মার্কেটিং পদ্ধতির নাম হচ্ছে "ইমেইল মার্কেটিং" বা সরাসরি বিপণন ব্যবস্থা । ইমেইল এর পূর্ণনাম হল ইলেক্ট্রনিক মেইল । ১৯৬০ সালে প্রথম ইমেইল কার্যক্রম পরিচালনা করা হয় । তারপর থেকে দিন দিন এর প্রভাব এতটাই বেড়ে চলছে যে, যোগাযোগ ব্যবস্থার সবচেয়ে জনপ্রিয় মাধ্যম হিসাবে ইমেইলকে ধরা হচ্ছে ।

ইমেইলকে শুধু অফিস বা ব্যক্তিগত যোগাযোগের মাধ্যম মনে না করে বর্তমানে প্রযুক্তির ব্যবহারের ফলে সকলের হাতে পৌছে গেছে স্মার্ট মোবাইল ফোন, ট্যাব, ল্যপটপ আর ইন্টারনেট, ফলে তাদের হাতের মুঠোয় আপনার প্রচার পৌছানের অন্যতম মাধ্যমকে বলা হয় ইমেল ।

ইমেইল মার্কেটিং সম্পর্কে কিছু কথা

খুব সংক্ষিপ্তভাবে যদি "ইমেইল মার্কেটিং" সম্পর্কে বলতে হয়, তাহলে বলতে হবে ইমেইল আদান-প্রদান এর মাধ্যমে কোন পণ্য বা সেবার বিপণন ব্যবস্থা । ইমেইল মার্কেটিং বা সরাসরি বিপণন ব্যবস্থা হল মার্কেটিং-এর এমন একটি পদ্ধতি যার মাধ্যমে সরাসরি কাস্টমারের ইমেইলে কোন পণ্য বা সেবার বিবরণসহ পণ্য সম্পর্কিত

www.bookbd.info

অন্যান্য তথ্যাবলী প্রেরণ করা হয়। যার ফলে কোন কাস্টমার ওই পণ্য বা সেবা সম্পর্কে প্রাথমিক ধারণাগুলো ইমেইলের ইনবক্সেই পেয়ে যান এবং তিনি পণ্যটি কিনতে আগ্রহী হয়ে ওঠেন।

"ইমেইল মার্কেটিং" ব্যবহার করে প্রতিদিন দেশ-বিদেশের হাজার হাজার কোম্পানি তাদের পণ্য বা সেবার বিজ্ঞাপন প্রচার করছে। কোম্পানির একদিকে যেমন বাড়ছে বিক্রয়ের পরিমাণ, তেমনি সম্প্রসারিত হচ্ছে তাদের সুনাম ও খ্যাতি। নিজের পন্যও বিক্রি ছাড়াও বিভিন্ন কোম্পানির পণ্য বা সেবার এফিলিয়েশনের মাধ্যমেও আয় করতে পারেন। এছাড়া ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেস গুলোতেও দিন দিন বাড়ছে ইমেইল মার্কেটিং-এর কাজ। মার্কেটপ্লেস গুলোর তথ্যানুযায়ী, ইমেইল মার্কেটিং এ একজন ফ্রিলান্সার মাসে ৫০ হাজার টাকা থেকে ৩ লাখ টাকা পর্যন্ত আয় করতে পারেন। ক্ষেত্র বিশেষে এই আয় কয়েক হাজার ডলার পর্যন্ত হতে পারে। আর এ হিসাবে ফ্রিল্যান্সার হতে চাওয়া তরুণ-তরুণীদের অন্যতম পছন্দ হতে পারে "ইমেইল মার্কেটিং"।

উইকিপিডিয়ার তথ্যানুযায়ী, শুধুমাত্র আমেরিকাতে ২০১১ সালে ১.৫১ বিলিয়ন ডলার ব্যয় করা হয় ইমেইল মার্কেটিংয়ের জন্য, যেটা বর্তমানে ২.৪৮ বিলিয়ন ডলারে পৌঁছেছে। আরেকটি মজার তথ্য আছে, ইন্টারনেটের মাধ্যমে যত বিক্রি হয় তার ২৪ শতাংশই ইমেইল মার্কেটিংয়ের মাধ্যমে। তাহলে আমার মতো আপনিও বোঝতেই পাচ্ছেন ইমেইল মার্কেটিং কতটা গুরুত্বপূর্ণ ।

"ইমেইল মার্কেটিং" এর কিছু সুবিধাসমূহঃ

- ইমেইল মার্কেটিং করতে বিশেষ কোন দক্ষতার প্রয়োজন হয় না ।
- ইমেইল মার্কেটিং করতে অতিরিক্ত কোন হার্ডওয়্যার প্রয়োজন হয় না ।
- স্বল্প সময়ে অধিক মানুষের কাছে একসাথে আপনার তথ্যের প্রচার করা যায় ।
- পন্য বা সেবার বিক্রয়ের পরিমাণ বেড়ে যাওয়ার সম্ভবনার বেশি থাকে । কারণ একটি ওয়েবসাইটে একজন ব্যবহারকারি এক সপ্তাহে যতবার না ভিজিট করে তার চেয়ে ইমেইল বেশি ইনবক্স চেক করে ।
- ক্লাইয়িন্ট এর ইমেইল লিষ্ট তৈরী করে দেওয়ার সাথে সাথে দিন দিন নিজের পন্য বা সেবার বিক্রয়ের বা এফিলিয়েশনের জন্য বিশাল ইমেইল লিষ্ট তৈরী হতে থাকে ।

ইমেইল মার্কেটিং শিখে আপনি কিভাবে আয় করতে পারেন?

আপনি কত টাকা আয় করতে পারবেন তা সম্পূর্ণ আপনার উপর ডিপেন্ট করবে । তারপরও যদি বলতে হয় মাসে ৫০ হাজার থেকে ৩ লাখ বা তার চেয়েও বেশী ইনকাম করতে পারেন। তবে অনেক বেশি দক্ষ ও পরিশ্রমী হতে হবে ।

পিএসডি ইমেইল টেমপ্লেট, এইচটিএমএল ও সিএসএস দিয়ে ইমেইল টেমপ্লেট, পিএসডি টু এইচটিএমএল কনভার্ট করে ইমেইল টেমপ্লেট ইত্যাদি বিভিন্ন মার্কেটপ্লেস যেমন ওডেস্ক, ইলেন্স, ফ্যাইবার ইত্যাদি থেকে ইনকাম করতে পারেন। এছাড়াও বিভিন্ন ইমেইল টেমপ্লেট বিক্রির ওয়েবসাইটে আপনার ইমেইল টেমপ্লেট জমা দিয়েও ইনকাম করতে পারেন।

আপনি যদি ইংলিশে ভাল লিখতে পারেন তাহলে বিভিন্ন ই-কমার্স ওয়েবসাইটের পণের ইমেইল নিউজলেটার লিখেও প্রচুর ইনকাম করতে পারবেন। মার্কেটপ্লেস গুলোতে এর চাহিদা অনেক বেশি।

www.pookbd.info

বিভিন্ন niches বা বিষয়ের এর উপর ইমেইল লিষ্ট তৈরী করে, তা বিক্রি করে দিয়েও ইনকাম করতে পারবেন। মার্কেটপ্লেস গুলিতে ক্লাইয়িন্ট এর ইমেইল লিষ্ট তৈরী করে দেওয়ার সাথে সাথে দিন দিন বিশাল ইমেইল লিষ্ট তৈরী হতে থাকবে যা আপনার জীবনের সবচেয়ে বড় সম্পদ হয়ে দাঁড়াবে।

মার্কেটপ্লেস গুলিতে সবচেয়ে বেশী ইনকাম করতে পারবেন ইমেইল সেন্ডিং এর কাজ করে । ইমেইল সেন্ড, লিস্ট ক্লিনিং, ইমেইল সার্ভার সেটআপ, email Campaign সেটআপ, অটো স্পন্ডার সেটআপ ইত্যাদি কাজ করে আয় করতে পারেন ।

তারচেয়েও বেশী আয় করতে পারেন ইমেইল মার্কেটার অ্যাডভাইজার হিসাবে । কোন কোম্পানির ইমেইল মার্কেটিং টিমের সকল কাজগুলো কখন ও কিভাবে হবে তা নির্ধারণ, সংযোজন-বিয়যোজন, নির্দেশ ইত্যাদি পরামর্শ দেওয়া। মানে ইমেইল লিস্ট, রাইটিং, টেমপ্লেট থেকে শুরু করে Campaign সেটআপ ও তার ফলাফল পর্যন্ত দিক নির্দেশনা প্রদান করে আয় করতে পারেন মোটা অংকের ইনকাম।

অ্যাফিলিয়েট বিভিন্ন প্রতিষ্ঠান আমাজন, ক্লিকবাংক ইত্যাদিতে জড়িত হয়ে তাদের পণ্য বা সেবা বিক্রির জন্য ইমেইল মার্কেটিং করে আয় করতে পারেন । অ্যাফিলিয়েশনের মাধ্যমে আয়ের পরিমান হিসেব করে বলা কষ্টসাধ্য। অ্যাফিলিয়েশন করে মাসে আয় করা যায় ১০০ ডলার থেকে আনলিমিটেড ডলার ।

এছাড়াও ইমেইল মার্কেটিং জানা থাকলে আরো অনেকগুলো ক্ষেত্রেই কাজ করতে পারেন । যেমন, আপনি আপনার নিজের কোন পণ্য বিক্রি বা সার্ভিস প্রদানের জন্য ইমেইল মার্কেটিং করে অনেক মোটা অংকের টাকা আয় করতে পারেন ।

ইমেইল মার্কেটিং সফলভাবে শেখার একটা পূর্ণাঙ্গ রোডমাপ

১। আপনাকে প্রথমে একটা লক্ষ্য নির্ধারণ করতে হবে যে আপনি ইমেইল মার্কেটিং শিখবেন কি না। কারন আজ ইমেইল মার্কেটিং বা এসইও, কাল প্রোগ্রামিং পরশু মোবাইল আপস তৈরি তার পরদিন আরেকটা বিষয় এভাবে করলে কোন দিনই কোন কিছু ভালভাবে শিখতে পারবেন না। সুতরাং যে কোন একটা বিষয়ে ফোকাস দিন তাহলে সফল ভাবে শিখে আয় করতে পারেন ।

২। কোন কিছু শেখার আগে আপনাকে একটি প্লান করতে হবে । কারন পরিকল্পনা সারা কাজ করলে বেশী দূর আগাতে পারবেন না । প্লান করার সময় চিন্তা করবেন যে, কোন কাজটি আপনি করতে চান ইমেইল টেমপ্লেট ডিজাইন, রাইটিং, লিস্ট বিল্ডিং, ইমেইল সেন্ডিং না ইমেইল মার্কেটার অ্যাডভাইজিং তা আগে ঠিক করুন এবং কাজটি শেখার জন্য কতটুকু সময় দিতে পারবেন তা হিসাব করে পরিকল্পনা তৈরি করুন ।

ইতিমধ্যে জনপ্রিয় বাংলা ব্লগ জেনেসিসব্লগয়ে ইমেইল মার্কেটিংয়ের উপর ধারাবাহিক লেখা পোস্ট করেছি। সেগুলো দেখলেই ইমেইল মার্কেটিং পূর্ণাংগভাবে শিখা সম্ভব হবে। সেখানে প্রতিটি পর্বের সাথে ভিডিও টিউটোরিয়ালও দেওয়া রয়েছে। শিখার জন্য লিংক দিয়ে দিচ্ছিঃ http://genesisblogs.com/author/tutodipu

www.bookbd.info

ইমেইল মার্কেটিং এর মত সহজ কাজটি দিয়ে আউটসোর্সিং ক্যারিয়ার শুরু করতে পারেন। ভবিষ্যতে অনেক ভাল কিছু করা সম্ভব হবে। সফল আউটসোর্সিং ক্যারিয়ার গড়া সহজ হবে।

ইমেইল মার্কেটিং

আমি মোঃ রফিকুল ইসলাম (রফিক) সফ্টওয়্যার ইঞ্জিনিয়ারিং শেষ করে চাকরীর পাশাপাশি প্রফেশন হিসেবে বেছে নিয়েছি ফ্রিল্যান্সিং ক্ষেত্রটিকে। আর ফ্রিল্যান্সিং এ অনেক গুল কাজের মধ্যে অন্যতম একটি কাজ হল ইমেইল মার্কেটিং। তাই ইমেইল মার্কেটিং সম্পরকে কিছু কথা আপনাদের সাথে শেয়ার করলাম।

ইমেইল মার্কেটিং কি?

"ইমেইল মার্কেটিং" হল ইমেইল আদান-প্রদান এর মাধ্যমে কোন পণ্য বা সেবার বিপণন ব্যবস্থা। তার মানে, ইমেইল মার্কেটিং বা সরাসরি বিপণন ব্যবস্থা হল মার্কেটিং-এর এমন একটি পদ্ধতি যার মাধ্যমে সরাসরি কাস্টমারের ইমেইলে কোন কোম্পানির পণ্য বা সেবার বিবরণ সহ পণ্য সম্পর্কিত অন্যান্য তথ্যাবলী প্রেরণ করা। যার ফলে কোম্পানির একদিকে যেমন বাড়ছে বিক্রয়ের পরিমাণ, তেমনি সম্প্রসারিত হচ্ছে তাদের সুনামও খ্যাতি। এছাড়া ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেস গুলোতেও দিনদিন বাড়ছে ইমেইল মার্কেটিং-এর কাজ। মার্কেটপ্লেস গুলোর তথ্যানুযায়ী, ইমেইল মার্কেটিং এ একজন ফ্রিলান্সার মাসে আয় করছে লাখ টাকা ও বেশী। শুধুমাত্র আমেরিকাতে ২০১১ সালে ১.৫১ বিলিয়ন ডলার ব্যয় করা হয় ইমেইল মার্কেটিং এরজন্য, যেটা বর্তমানে ২.৪৮ বিলিয়ন ডলারে পৌছেছে। আরেকটি মজার তথ্য আছে, ইন্টারনেটের মাধ্যমে যত বিক্রি হয় তার ২৪ শতাংশই ইমেইল মার্কেটিং এর মাধ্যমে। আর তাই আপনার ক্যারিয়ার হিসাবে "ইমেইল মার্কেটিং" হতে পারে Best Choice ।

ক্যারিয়ার গড়ুন ইমেইল মার্কেটিংয়ে

অ্যাফিলিয়েট মার্কেটিং করার জন্য ইমেইল মার্কেটিং অনেক মার্কেটারের কাছে জনপ্রিয় পদ্ধতি। শুধুমাত্র ইমেইল মার্কেটিং রপ্ত করে বিভিন্ন অ্যাফেলিয়েট নেটওয়ার্ক থেকে (যেমন: Clickbank, Commission Junction, Plimus, One Network Direct) অ্যাফিলিয়েশনের প্রোডাক্ট সংগ্রহ করে ইমেইল মার্কেটিং-এর মাধ্যমে ক্যাম্পেইন করে প্রতি মাসে ৫০০ ডলার থেকে শুরু করে ২০ হাজার ডলার বা তারও বেশি আয় করছে অনেক মার্কেটার।

মজার ব্যাপার হল, ইমেইল মার্কেটিং এরমত এই শক্তি শালী টুলসের ব্যবহার জানা অত্যন্ত সহজ এবং স্বল্পমেধা সাপেক্ষ। যেকেউ ঘরে বসেই ইমেইল মার্কেটিং এর সব কাজ করতে পারেন, এর জন্য আলাদা কোন অফিস নেওয়ার প্রয়োজন নেই। নেই কোন অতিরিক্ত হার্ডওয়্যার কেনার ঝামেলাও।

একজন ইমেইল মার্কেটার ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেসে দু'ভাবে কাজ করতে পারে। ১. ঘন্টা হিসেবে এবং ২. নির্ধারিত মূল্যে। আর এখানে পার্ট টাইম এবং ফুল টাইম কাজ করারও সুযোগ আছে। দক্ষ ইমেইল মার্কেটার হতে পারলে কাজের অভাব নেই। অনলাইন মার্কেটপ্লেসে সাধারণত ইমেইল মার্কেটিং এর যে কাজ গুলো পাওয়া যায় তার

www.noorbd.info

মধ্যে টেমপ্লেট ডিজাইনিং, ইমেইল নিউজলেটার তৈরি, ইমেইল প্লাটফর্ম মেইনটেইনেন্স, সাপ্তাহিক বা মাসিক নিউজলেটার পাঠানো, বিজনেস প্রোপোজাল লেটার ডিজাইন ও ইমেইল কনটেন্ট রাইটিং উল্লেখযোগ্য।

একজন ফ্রিল্যান্স ইমেইল মার্কেটারের আয়

ইমেইল মার্কেটিং এর পরিধি ব্যাপক। অ্যাফিলিয়েশন থেকে শুরু করে নিজের প্রতিষ্ঠানের জন্য কিংবা অন্য প্রতিষ্ঠানে সার্ভিস প্রদান করে এবং ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেসে কাজ করে হাজার হাজার ডলার আয় করছে অনেক ইমেইল মার্কেটার। এই ক্ষেত্রটিতে সৃজনশীল তরুণ-তরুণী রা খুব দ্রুত ভালো কিছু করতে পারে। ইমেইল মার্কেটিং কে ক্রিয়েটিভ সেক্টরও বলা চলে। আপনি আপনার ক্রেতাদের কাছে পণ্যকে কিভাবে উপস্থাপন করবেন, তা নিতান্তই আপনার উপর। তবে আপনি যত সৃজনশীল উপায়ে পণ্যকে উপস্থাপন করতে পারবেন আপনার বিক্রি ও তত বেশি হবে।

বর্তমানে ফ্রিল্যান্স মার্কেটপ্লেস ওডেস্কে যত কাজ রয়েছে তার ১৫ শতাংশই ইমেইল মার্কেটিং এর কাজ। ফ্রিল্যান্স মার্কেটপ্লেসে সাধারণত ইমেইল মার্কেটিংয়ের কাজে প্রতি ঘন্টায় ৮ থেকে ১০ ডলার পাওয়া যায়। এক্ষেত্রে নতুনরা ৪ থেকে ৫ ডলার পেয়ে থাকে। এছাড়াও নির্ধারিত মূল্যে কাষ্টম ইমেইল টেমপ্লেট ডিজাইনিং ও বাল্ক মেইল পাঠানোর কাজ রয়েছে। সর্ব সাকুল্যে একজন সাধারণ ইমেইল মার্কেটার মাসিক ৩০ হাজার টাকা থেকে ১ লাখ টাকা আয় করতে পারে।

কেন অন্যান্য মার্কেটিং থেকে ইমেইল মার্কেটিং বেশী শক্তিশালী

বর্তমানে ইন্টারনেট মার্কেটিং এ সব চেয়ে বড় হাতিয়ার হল ইমেইল মার্কেটিং। কারন, অল্প সময়ে অধিক কার্যকরী ফলাফলের জন্য ইমেইল মার্কেটিং এর বিকল্প নাই। ইমেইল মার্কেটিং কেক্রিয়েটিভ কাজ হিসাবে ও ধরা যেতে পারে। কিভাবে আপনি আপনার ক্রেতাদের কাছে পণ্যটিকে উপস্থাপন করবেন, তা নিতান্ড়ই আপনার উপর নির্ভর করে। তাই আপনি যত সৃজনশীল উপায়ে পণ্যকে উপস্থাপন করতে পারবেন আপনার পন্যের বিক্রি ও তত বেশি হবে।

www.bookbd.info

ইমেইল মার্কেটিং এর সুবিধা সমূহ

১। অল্প খরচ: অন্যান্য মার্কেটিং যেমন নিউজপেপার, টিভি চ্যানেল ইত্যাদি থেকে ইমেইল মার্কেটিং এর খরচ খুবই কম। যেমন, 1000 মেইল পাঠতে মাত্র এক থেকে দেড় ডলার খরচ হয়। এই জন্য বেশী ভাগ মানুষের পছন্দ ইমেইল মার্কেটিং।

২। অল্প সময়: বিভিন্ন অনলাইন মার্কেটিং পদ্ধতির যেমন seo, smm ইত্যাদি করে কোন কিছুর প্রচার করাতে অনেক সময় ব্যয় হয়। আর ইমেইল মার্কেটিং করতে অনেক কম সময় দ্রুত ফলাফল পাওয়া যায়।

৩। সহজ ব্যবহার বিধি: ইমেইল পেরণ বা গ্রহন করার জন্য বেশী কিছু দক্ষতার প্রয়োজন হয় না তাই এই পদ্ধতি যে কেউ সহজে ব্যবহার করতে পারে।

৪। বিক্রয় বৃদ্ধি: অল্প সময়ে বেশী প্রচারের ফল শুতিতে পন্যের বিক্রির পরিমান বৃদ্ধি পেতে থাকবে। কারন, যত বেশী প্রচার তত বেশী বিক্রয়। আর বেশী প্রচারে ওয়েবসাইট এর মত google penalty খাওয়ার ভয় নাই তবে কিছু নিয়ম নীতি মেনে চলতে হবে।

৫। গ্রাহকের প্রতিক্রিয়া: আপনি যে পণ্য ও সেবা প্রদানের জন্য প্রচার চালাচ্ছেন তাতে গ্রাহকের কেমন প্রতিক্রিয়া হচ্ছে তা অনুমান করা যায়। কারন, কোনো ব্যবসার সাফল্যের জন্য গ্রাহকের ফিডব্যাক হল একটি অমূল্য হাতিয়ার।

৬। টার্গেটেড গ্রাহক তৈরি: ইমেইল মার্কেটিং করে নির্দিষ্ট পন্যের নির্দিষ্ট গ্রাহক তৈরি করা যায়। এতে পন্যের বিক্রির পরিমান যেমন বৃদ্ধি, তেমনি সময় ও খরচ কমে যায়।

৭। আগ্রহ সৃষ্টি: একজন গল্পকার যেমন গল্পের মধ্যে পাঠককে ধরে রাখে, সেভাবে সুন্দর সুন্দর ছবি আর লিখা দ্বারা দৃষ্টি নন্দন মেইল তৈরী করে গ্রাহক কে আকৃষ্ট করে ধরে রাখা যায়।

৮। পরিশ্রম কম: যেহেতু সফটওয়্যার দ্বারা ইমেইল সেন্ড করতে হয় তাই অন্যান্য মার্কেটিং থেকে পরিশ্রম কম। শুধু একবার মেইল সেন্ডিং সেটআপ করলেই কাজ শেষ।

৯। নির্দিষ্ট সময়ে মার্কেটিং: বাংলাদেশি সময়ে যদি আমেরিকায় প্রচারনা চালানো তাহলে কোন লাভ নাই কারন, তখন তারা ঘুমে। তাই ইমেইল মার্কেটিং এ মেইল সেন্ডিং এর সময় নির্ধারণ করে রেখে নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট পন্যের প্রচারনা চালানো যায়।

১০। গ্রাহক হারানোর ভয় কম : অনলাইনে বিভিন্ন কেনাবেচার সাইট রয়েছে। যে গুলি থেকে গ্রাহক গণ বিভিন্ন পণ্য কিনে থাকে। যেমন clickbank.com ডিজিটাল প্রোডাক্ট এর জন্য একটি কেনা বেচার সাইট। কিন্তু সবাই কি প্রত্যেক দিনই clickbank এর সাইট ভিজিট করছেনা। তার মানে নতুন কোন প্রোডাক্ট আসলে যে ব্যক্তি ঐ সাইটে ভিজিট করছেনা সেতো ঐ প্রোডাক্ট সম্পর্কে জানতে পারছি না এবং তারা একজন সম্ভাব্য ক্রেতা কে হারাতে পারে। সুতরাং clickbank যদি তাদের নতুন প্রোডাক্ট সম্পর্কে ইমেইল মার্কেটিং করে থাকে তাহলে ঐ ব্যক্তি মেইলটি তার ইনবক্সে পেয়ে যাবে। ফলে সে প্রোডাক্টটি সম্পর্কে জানতে পারবে। যদি তার প্রোডাক্টটি পছন্দ হয় তাহলে সে এটি কেনার ব্যাপারে আগ্রহী হতে পারে এবং প্রোডাক্ট বিক্রি হওয়ার সম্ভাব্য তা বেড়ে যাবে। সুতরাং ইমেইল মার্কেটিং এর গুরুত্ব কত খানি সেটি এ উদাহরণ থেকেই পরিষ্কার হয়ে যাচ্ছে।

বিভিন্ন মার্কেটপ্লেস এ প্রত্যেক দিন ইমেইল মার্কেটিং এর অসংখ্য কাজ জমা হচ্ছে। আপনি ও ভালভাবে কাজটি শিখে নিয়ে শুরু করতে পারেন ইমেইল মার্কেটিং এ ফ্রিল্যান্সিং ক্যারিয়ার।

www.bookbd.info

ইমেইল মার্কেটিং শিখে আয় করতে পারবেন যেই কয়টি উপায়ে

১। পিএসডি ইমেইল টেম্পলেট তৈরি করে আয়।

আপনি যদি দৃষ্টি নন্দন ইমেইল টেম্পলেট তৈরি করতে পারেন, তাহলে বিভিন্ন মার্কেট প্লেস থেকে মাসে গড়ে ৪০০-৬০০ ডলার আয় করতে পারবেন।

২। এইচটিএমএল ইমেইল টেম্পলেট তৈরি করে আয়।

যদি আপনি এইচটিএমএল দিয়ে ইমেইল টেম্পলেট এবং পিএসডি টু এইচটিএমএল ইমেইল টেম্পলেট তৈরি করতে পারেন, তাহলে বিভিন্ন মার্কেট প্লেস থেকে মাসে গড়ে ৫০০-১০০০ ডলার আয় করতে পারবেন।

৩। ইমেইল কনটেন্ট রাইটার হিসেবে আয়।

রাইটারদের চাহিদা মার্কেটপ্লেসে অনেক বেশি। আপনি যদি ইংলিশে ভাললিখতে পারেন তাহলে ইমেইল কনটেন্ট রাইটার হিসাবে কাজ করলে আপনি মাসে গড়ে ২০০-৫০০ ডলার আয় করতে পারবেন।

৪। ইমেইল লিস্ট বিল্ডিং করে আয়।

ক্লাইয়িন্ট এর জন্য বিভিন্ন niches এর উপর ইমেইল লিষ্ট তৈরী করে দেওয়ার মাধ্যমে আপনি মাসে গড়ে ১০০-৩০০ ডলার আয় করতে পারবেন। এছাড়া, ক্লাইয়িন্ট এর ইমেইল লিষ্ট তৈরী করে দেওয়ার সাথে সাথে দিনদিন নিজের পন্য বা সেবার বিক্রয়ের বা এফিলিয়েশনের জন্য বিশাল ইমেইল লিষ্ট তৈরী হতে থাকে। বলতে গেলে এক ঢিলে দুই পাখি।

৫। অ্যাফিলিয়েশনের মাধ্যমে আয়।

অ্যাফিলিইয়েট বিভিন্ন প্রতিষ্ঠান clickbank, clicksure ইত্যাদিতে জড়িত হয়ে তাদের পণ্য বা সেবা বিক্রির জন্য ইমেইল মার্কেটিং করে আয় করতে পারেন। অ্যাফিলিয়েশনের মাধ্যমে আয়ের পরিমান হিসেব করে বলা কষ্ট সাধ্য। অ্যাফিলিয়েশন করে মাসে আয় করা যায় ৫০০ ডলার থেকে আনলিমিটেড।

উপরের ৫টি কর্মক্ষেত্রে আপনি কাজ করতে পারবেন, শুধুমাত্র "ইমেইল মার্কেটিং" ভাল ভাবে জানা থাকলে। এখানে শুধুমাত্র প্রধান ৫টি কর্মক্ষেত্রের কথা উল্লেখ করা হয়েছে। এছাড়া আরো অনেক গুলো ক্ষেত্রেই কাজ করতে পারবেন ইমেইল মার্কেটিং জানা থাকলে। সুতরাং ইমেইল মার্কেটিং ভাল ভাবে শিখুন, যাতে করে আপনার ভবিষ্যৎ ক্যারিয়ার অনেক উজ্জ্বল হবে।

www.bookbd.info

Quick & Easy Way

Your Professional Trainer...

নিজে নিজে বিজনেস অ্যাপ্লিকেশন তৈরি করুন

অ্যাডভান্স মাইক্রোসফট এক্সেল-২০১৩

এক্সেল বেসিক
ডেটা এন্ট্রি ফর্ম তৈরি
এক্সেল প্রোগ্রাম কাস্টোমাইজেশন
ফর্মুলা এবং ফাংশন
চার্ট এবং গ্রাফিক্স
ম্যাক্রো এবং ডেটাবেজ ম্যানেজমেন্ট

রচনা ও সম্পাদনা ঃ
বুকবিডি

More Than Just a Book

১০ টি বাস্তবধর্মী প্রোজেক্ট

বর্তমান টেকনোলজির যুগে আমরা আমাদের দৈনন্দিন কাজ যেমন ব্যক্তিগত ডকুমেন্ট ব্যবসায়িক হিসাব,পরিসখ্যান এবং লজিক্যাল সবই এক্সেল ব্যাবহার করে তৈরি করা সম্ভব তাই খুব সহজে নিজে নিজে এক্সেল শিখার জন্য বুকবিডি সিরিজের এই বইটি ।

With DVD

Download

Latest Version, 2013, 2010, 2007 www.bookbd.info

অধ্যায়-২ অ্যামাজন অ্যাফিলিয়েট মার্কেটিং ----------
২.১ অ্যামাজন অ্যাফিলিয়েট মার্কেটিং কী? ----------
২.২ কেন আমরা অ্যামাজন এর মাধ্যমে অ্যাফিলিয়েট মার্কেটিং করবো? ----------
২.৩ অ্যামাজন অ্যাফিলিয়েট মার্কেটিং মডেল। ----------
২.৪ নিস (Niche) কী? ----------
২.৫ কিভাবে নিস Dig Down করবো? ----------
২.৬ Profitable নিস বাছাই। ----------
২.৭ কিভাবে আমরা অ্যামাজন এর প্রোডাক্ট প্রোমোট করবো? ----------
২.৮ কেন আমরা নিস (Niche) ওয়েব সাইট এর মাধ্যমে অ্যামাজন অ্যাফিলিয়েট মার্কেটিং করবো? ----------
২.৯ অ্যামাজন প্রোডাক্ট সিলেকশন ক্রাইটেরিয়া। ----------

www.bookbd.info

২.১ অ্যামাজন অ্যাফিলিয়েট মার্কেটিং কী?

অ্যামাজন অ্যাফিলিয়েট মার্কেটিং হল অ্যামাজন ডট কম এর পন্য বিপনন এর কমিশন ভিত্তিক মাধ্যম। এখানে আমাদের আয়ের একটি বিশাল সুযোগ রয়েছে। প্রতিদিন এখানে প্রচুর পরিমানে সেল হয়। এখানে আমি যদি কোন প্রোডাক্ট সেল করতে পারি তাহলে অ্যামাজন আমাকে সেই সেল এর উপর কমিশন দিবে। অ্যামাজন অ্যাফিলিয়েট মার্কেটিং এর এই কমিশন সর্বনিম্ন ৪%-১০% পর্যন্ত হয়।

চিত্র ২.১.১ (অ্যামাজন অ্যাসোসিয়েট)

২.২ কেন আমরা অ্যামাজন এর মাধ্যমে অ্যাফিলিয়েট মার্কেটিং করবো?

অ্যামাজন ফিজিক্যাল প্রোডাক্ট এর ক্ষেত্রে খুবই জনপ্রিয়। কিছু বিশেষ কারনে অ্যামাজন অ্যাফিলিয়েট প্রোগ্রাম আমাদের দেশের মার্কেটারদেও জন্য অ্যাফিলিয়েট মার্কেটিং শুরু করার জন্য আদর্শ। সেগুলো হল:

১. প্রতিদিন প্রচুর পরিমান প্রোডাক্ট সেল হয়
২. প্রায় ১০ লক্ষ ব্যবসায়ী এখানে কাজ করেন
৩. প্রায় ৩০ কোটি ইউজার আছে এই সাইটে
৪. ২০১৪ সালে প্রায় ২১০ কোটি প্রোডাক্ট সেল হয়েছে
৫. প্রায় সব ধরনের প্রোডাক্ট এর ই Exact Match Keyword পাওয়া যায়

তবে এখানে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল যদি কোন ভিজিটর আপনার লিংক ধরে অ্যামাজন এ যায় এবং প্রোডাক্ট না ক্রয় করে চলে আসে এবং ঐ ভিজিটর যদি পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে কোন প্রোডাক্ট ক্রয় করে তাহলেও সেই প্রোডাক্ট এর কমিশন পাওয়া যাবে।

২.৩ অ্যামাজন অ্যাফিলিয়েট মার্কেটিং মডেল

অ্যামাজন অ্যাফিলিয়েট মার্কেটিং এর জন্য আমাদের করতে হবে সেটি হল অ্যামাজন এর নির্দিষ্ট কোন ক্যাটেগরির প্রোডাক্ট আমরা ইন্টারনেট এ প্রমোট করবো। যখন আমাদের এই প্রমোট থেকে কোন সেল আসবে তখন আমরা সেই সেল অনুযায়ী কমিশন পাব। এখানে প্রোডাক্ট প্রমোট এর জন্য আমরা একটা ওয়েব সাইট তৈরি করবো

যেখানে আমরা আমাদের অ্যামাজন অ্যাফিলিয়েট লিংক রাখবো এবং সেখানে আমরা ট্রাফিক পাঠাবো। এখানে একটা কথা মনে রাখতে হবে যে ট্রাফিক এমনিতেই আমাদের সাইটে আসবে না। ট্রাফিক আনার জন্য আমাদের সাইট - এ SEO করতে হবে। এরপর আপনার সাইটে যখন ট্রাফিক আসা শুরু করবে তখন যদি কেউ আপনার ঐ অ্যাফিলিয়েট লিংক এর মাধ্যমে কোন প্রোডাক্ট ক্রয় করে তাহলে আপনি ৪% থেকে ১০% কমিশন পাবেন। এটিই হল আমাদের অ্যাফিলিয়েট বিজনেস মডেল।

চিত্র ২.৩.১ (অ্যাফিলিয়েট মার্কেটিং মডেল)

২.৪ নিস (Niche) কী?

নিস কে আমরা সহজ ভাষায় বলতে পারি যাহা আমাদের স্পাসিফিক প্রয়োজন মেটায় তাহাই নিস। প্রোডাক্ট প্রমোশন সব চেয়ে ভাল পদ্ধতি হল Niche Website এর তৈরি করা। একটি উদাহরন এর মাধ্যমে বিষয়টি বর্ণনা করা যাক Road Bikes নিয়ে আপনি কাজ করবেন। আপনার নিস হল Road Bikes। এখন আপনার নিস এর জন্য অনেক সাব নিসও থাকতে পারে। অপর দিকে Best Road Bikes এটি আপনার নিস নয়। আবার Mountain Bikes এটি আপনার নিস হতে পারে।

অন্য ভাবে বলা যায় একটি কুলুঙ্গি বাজারের একটি নির্দিষ্ট পণ্য কেন্দ্রীভূত হয় যা বাজারের উপসেট। বাজারে কুলুঙ্গি সন্তোষজনক বাজারে নির্দিষ্ট চাহিদা এবং দাম পরিসীমা, একটি প্রভাব আছে দেয়ার উদ্দেশ্যে করা হচ্ছে যে উৎপাদন ও জনসংখ্যার মানের পণ্য বৈশিষ্ট্য সংজ্ঞায়িত করে।

২.৫ কিভাবে নিস Dig Down করবো?

নিস Dig Down হল স্টেপ বাই স্টেপ Last ক্যাটেগরিতে যাওয়া। আমরা যেহেতু অ্যামাজন অ্যাফিলিয়েট মার্কেটিং এর জন্য স্পাসিফিক ক্যাটেগরির স্পাসিফিক প্রোডাক্ট নিয়ে কাজ করবো তাই আমাদেরকে একটি স্পাসিফিক ক্যাটেগরি খুজে বের করতে হবে। আর আমরা এই স্পাসিফিক ক্যাটেগরি খুজে বের করার জন্য নিস Dig Down করবো। চলুন দেখা যাক কিভাবে নিস Dig Down হয়:

নিস Dig Down করার জন্য প্রথমে www.amazon.com এ গিয়ে Shop by Department এর উপর কার্সর রাখলেই একটি ড্রপ-ডাউন মেনু ওপেন হবে সেখান থেকে Full Store Directory তে ক্লিক করুন।

চিত্র ২.৫.১ (Full Store Directory বের করা)

এরপর নিচের মত একটি পেজ আসবে। এটি হল অ্যামাজন এর All Category। এখান থেকে আপনার পছন্দ অনুযায়ী একটি Category তে প্রবেশ করুন। আমি এখান থেকে Home এ ক্লিক করছি।



চিত্র ২.৫.২ (Full Store Directory)

তারপর বাম পাশে লক্ষ করুন Home এর অনেক গুলো Category ওপেন হয়েছে।



চিত্র ২.৫.৩ (নির্দিষ্ট ক্যাটেগরি)

এরপর আপনি এখান থেকে যে ক্যাটেগরির প্রোডাক্ট নিয়ে কাজ করতে চান সেই ক্যাটেগরিতে ক্লিক করুন। এখান থেকে আমি Vacuums & Floor Care এ ক্লিক করছি।



চিত্র: ২.৫.৪ (নির্দিষ্ট ক্যাটেগরির প্রোডাক্ট)

তারপর নিচের মত একটি পেজ আসবে এখানে লক্ষ করুন Vacuums Cleaner এর টাইপস গুলো এসেছে। এখানে Vacuums Cleaner হল আপনাদের নিস এবং তারপর যে টাইপস গুলো আছে সেগুলো হল সাব নিস। আপনারা চাইলে সাব নিস নিয়েও কাজ করতে পারেন।



চিত্র: ২.৫.৫ (নির্দিষ্ট সাব ক্যাটেগরির প্রোডাক্ট)

এভাবে আপনাদেরকে step by step নিস Dig Down করে আপনারা আপনাদের নিস বের করতে পারেন। তবে মনে রাখবেন যত বেশি Dig Down করবেন তত বেশি আপনার জন্য ভাল। কারণ স্পাসিফিক প্রোডাক্ট নিয়ে কাজ করলে কম্পিটিশন অনেকটাই কমে যায়। এভাবে আপনারা নিস Dig Down করে আপনাদের নিস খুজে পেতে পারেন।

২.৬ **Profitable** নিস বাছাই।

Profitable নিস বাছাই এর জন্য আমরা ছোট একটা সূত্রের মাধ্যমে খুব সহজেই নির্ণয় করতে সূত্রটি হল:

SV x SERP CR = Visitor x CR = Sale x PAP C/P = Total Profit

Abbreviation:

SV = Search Volume

Search Volume হল আপনার কী-ওয়ার্ড টি মানুষ প্রতি মাসে কত বার সার্চ করে।

SERP = Search Engine Result Page

Search Engine Result Page হল আপনার ওয়েব সাইটটি Google Result এর প্রথম ১ থেকে ১০ এর মধ্যে কত তম স্থান এ আছে।

SERP CR = Search Engine Result Page Conversion Rate

আপনার কী-ওয়ার্ড এর যে সার্চ ভলিউম আছে তার সব গুলোই তো আর আপনি পাবেন না। এখান থেকে আপনি যে Visitor গুলো পাবেন সেগুলোই হল Search Engine Result Page Conversion Rate.
সাধারণত যে পেজ গুলো ১ থেকে ৩ এর মাঝে থাকে তারা 40% Visitor পায়।
আবারা যারা ৪ থেকে ৬ এর মাঝে থাকে তারা 20% Visitor পায়।
এবং সব শেষে যে থাকে অর্থাৎ ১০ এ যে থাকে সে 8% Visitor পায়।

CR = Conversion Rate

Conversion Rate হল **আপনি যে পরিমান** Visitor পাবেন তার মধ্য থেকে কত জন Visitor আপনার প্রোডাক্ট ক্রয় করবে। এটি সাধারণত ২% থেকে ৩% এর মত হয়ে থাকে।

PAP = Product Average Price

C/P = Commission/Profit

PAP C/P হল Product Average Price এবং এর Commission । এখানে Product Average Price 100 Dollar হলে Commission হবে 6 Dollar.

একটি উদাহরণের মাধ্যমে বিষয়টি বর্ণনা করা যাক। মনে করি আমার কী-ওয়ার্ড এর Search Volume হল 6000 এবং আনপর Search Engine Result Page হল 3 তাহলে আপনার Search Engine Result Page Conversion Rate হবে .4 অর্থাৎ 40%। এর পর আমরা 2400 Total Visitor পাব। এর সাথে আমরা 2% Conversion Rate গুন করবো। তারপর আমরা আমাদের কত গুলো সেল হবে সেটি পাব। এর সাথে প্রোডাক্ট এর Product Average Price এর Commission গুন করলেই আমরা আমাদের Total Profit পাব। নিচে চিত্রটি লক্ষ করুণ:

Key Word	SV	X	SERP CR	=	Visitor	X	CR	=	Sale	X	PAP C/A	=	Profit
small food processor	6,000	X	0.4	=	2400	X	0.02	=	48	X	1.6	=	76.8

২.৭ কিভাবে আমরা অ্যামাজন এর প্রোডাক্ট প্রোমোট করবো?

অ্যামাজন অ্যাফিলিয়েট মার্কেটিং এর জন্য প্রথমেই আমাদেরকে চিন্তা করতে হবে যে কিভাবে আমরা অ্যামাজন এর প্রোডাক্ট প্রোমোট করবো। আমরা অ্যামাজন এর প্রোডাক্ট কয়েক ভাবে প্রোমোট করতে পারি যেমন:

১. Landing Page তৈরির মাধ্যমে
২. Blog এর মাধ্যমে
৩. Direct Prompt এর মাধ্যমে
৪. Niche Website এর মাধ্যমে

www.bookbd.info

আমাদের জন্য সব চেয়ে সহজ পদ্ধতি হল Niche Website এর মাধ্যমে অ্যাফিলিয়েট মার্কেটিং করা। আমরা প্রথমে একটি নিস Website বানাবো এবং তারপর ঐ Website এ আমাদের প্রোডাক্ট প্রোমোট করবো।

২.৮ কেন আমরা নিস (Niche) ওয়েব সাইট এর মাধ্যমে অ্যামাজন অ্যাফিলিয়েট মার্কেটিং করবো?

আমরা Amazon অ্যাফিলিয়েট মার্কেটিং niche website এর মাধ্যমে করব কারণ আমরা Amazon অ্যাফিলিয়েট মার্কেটিং চার ভাবে করতে পারি। যেমন:

১. Landing Page তৈরির মাধ্যমে
২. Blog এর মাধ্যমে
৩. Direct Prompt এর মাধ্যমে
৪. Niche Website এর মাধ্যমে

এখন আমরা যদি Landing Page তৈরির মাধ্যমে অ্যাফিলিয়েট মার্কেটিং করি তাহলে আমাদেরকে Cost Per Action (CPC), Pay Per Action (PPC), Cost Per Mille (PPM) ইত্যাদি পদ্ধতিতে অ্যাফিলিয়েট মার্কেটিং করতে হবে যেখানে আমাদের টাকা দিয়ে ট্রাফিক আনতে হবে। এখানে Search Engine Optimization এর মাধ্যমে ট্রাফিক আনা সম্ভব না কারণ Google এ Ranking করানোর জন্য যে Rules গুলো মেইন্টেন্যান্স করতে হয় সেটা Landing Page এর মাধ্যমে সম্ভব নয়। তবে এই পদ্ধতিতে লস হওয়ার সম্ভাবনা বেশি থাকে।

আবার আমরা যদি Blog এর মাধ্যমে অ্যাফিলিয়েট মার্কেটিং করি তাহলে আমাদের Blog এ নিয়মিত কনটেন্ট লিখতে হবে। Blog সাইট এ ট্রাফিক আনতে হবে Search Engine Optimization এবং Social Media Marketing এর মাধ্যমে। তারপর সাইটটির ভাল রেপুটেশন এর পাশাপাশি ফ্যান তৈরি করতে হবে। মোট কথা এটা একটা বিশাল Business বলতে পারেন যেটা আমাদের পক্ষে করা অনেক কষ্টসাধ্য।

Direct Prompt এর মাধ্যমে অ্যাফিলিয়েট মার্কেটিং করতে হলে আমাদের ইমেইল মার্কেটিং এর মাধ্যমে করতে হবে। ইমেইল মার্কেটিং এর জন্য আপনাকে Landing Page এর মাধ্যমে ইমেইল লিস্ট কালেক্ট করতে হবে। এখানে সার্চ বা অন্য কো মাধ্যমে ট্রফিক আনতে হয় না। এটার মাধ্যমে ট্রফিক এর কাছে সরাসরি লিংক পাঠানো হয়।

Niche Website এর মাধ্যমে অ্যাফিলিয়েট মার্কেটিং করতে চাইলে আপনাকে একটা Niche site এর জন্য একটা Website বানাতে হবে এবং সেখানে Product Review লিখতে হবে। এখানে Search Engine Optimization এর মাধ্যমে ট্রাফিক আনতে হবে অর্থাৎ Google এ Ranking করতে হবে। তবে এখানে মূল বিষয় হল ট্রাফিক তাদের প্রয়োজন অনুসারে সার্চ করে আমাদের সাইটে আসবে। তাই আমরা Niche Website এর মাধ্যমে অ্যাফিলিয়েট মার্কেটিং করব।

২.৯ অ্যামাজন প্রোডাক্ট সিলেকশন ক্রাইটেরিয়া

যখন কোন প্রোডাক্ট ক্যাটেগরি নিম্নোক্ত মেট্রিক্স গুলো অনুযায়ী হবে ঠিক তখনই আমরা কেবল উক্ত প্রোডাক্ট নিয়ে নিস সাইট তৈরি করবো।

www.bookbd.info

১. উক্ত ক্যাটেসরিতে যেসব পন্য রয়েছে সেগুলোর এভারেজ রিভিউ সংখ্যা ১০ এর বেশি হতে হবে। কোন ভাবেই এভারেজ রিভিউ সংখ্যা ১০ এর কম হলে সেই ক্যাটেসরি নিয়ে কাজ করা যাবে না। কারণ অনলাইনে যখন কেউ কোন প্রোডাক্ট কিনে তখনই সে রিভিউ দেয়ার সুযোগ পায়। সাধারণত ১০ এর কম রিভিউ থাকলে বোঝা যায় যে সেই প্রোডাক্ট কেউ কিনে না। আর যেসব প্রোডাক্ট কেউ কিনে না সেসব প্রোডাক্ট নিয়ে কাজ করে আমরা কখনই প্রফিট করতে পারবো না তাই আমরা এভারেজ রিভিউ সংখ্যা ১০ এর কম হলে সেই ক্যাটেসরি নিয়ে কাজ করবো না।

অর্থাৎ এভারেজ রিভিউ ১০+

২. কোন নির্দিষ্ট ক্যাটেগরির প্রোডাক্ট এর মূল্য কেবল ১০০ থেকে ৫০০ ডলার এর মধ্যে হলেই সাধারণত আমরা সেই খ্যাটেগরির প্রোডাক্ট নিয়ে কাজ করবো।

প্রোডাক্ট প্রাইস ১০০ ডলার এর বেশি কারণ কোন প্রোডাক্ট এর প্রাইস যদি ১০০ ডলার হয় তাহলে আমরা সেখান থেকে ৬ থেকে ৭ ডলার কমিশন পাই, আর প্রাইস ৫০০ ডলার হলে ৩০ থেকে ৩৫ ডলার কমিশন পাওয়া যায়। সাধারণত কোন প্রডাক্ট প্রমোট করে যদি ৬ ডলার কমিশনই না পাই তাহলে সেটি কোন ভাবেই রিটার্ন ফ্রেন্ডলি হয় না। তাই আমরা ১০০ ডলার এর চেয়ে কম প্রাইস এর প্রোডাক্ট নিয়ে কখনই কাজ করবো না।

আবার ৫০০ ডলার এর চেয়ে বেশি প্রাইস এর প্রোডাক্ট নিয়েও কাজ করা উচিত হবে না কারণ সাধারণত খুব বড় বড় মার্কেটাররা একটু দামী প্রোডাক্ট প্রমোট করতে বেশি আগ্রহী থাকে এবং সেই সব প্রোডাক্ট গুলোর কি-ওয়ার্ডে প্রচুর ইনভেস্ট করে। সাধারণত মার্কেটাররা সেইসব মার্কেটে কাজ করতে খুব বেশি চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়। অল্প বাজেট আর অভিজ্ঞতা নিয়ে ইন্ডাস্ট্রি বিগ-ডিলদের সঙ্গে টিকে থাকা খুবই কষ্টকর।

আর একটি কারণও আছে সাধারণত কেউ যখন অনলাইনে প্রোডাক্ট কিনে তখন অবশ্যই বেশ রিসার্স করে তবেই প্রোডাক্টটি কিনে। প্রোডাক্ট এর মূল্য যত বেশি হয় রিসার্সও তত গভীর মনোযোগ সহকারে করে থাকে। তাই ক্ষেত্র বিশেষে সিদ্ধান্ত নিতে কয়েক দিন বা কয়েক সাপ্তাহ সময় নিয়ে থাকে। যেঞ্চেতু অ্যামাজন কেবল ২৪ ঘন্টা কুকি সেভ রাখে অর্থাৎ আপনার লিংক ধরে কেউ অ্যমাজনে গেলে তার ২৪ ঘন্টার মধ্যে যদি কোন প্রোডাক্ট কিনে তাহলে সেই কমিশন আপনি পাবেন কিন্তু যদি উক্ত ভিজিটর কয়েক দিন পর প্রোডাক্টটি কিনলেউ আপনি কোন কমিশন পাবেন না। তাই এই ধরনের মার্কেট থেকে দুরে থাকাটাই ভাল।

অর্থাৎ এভারেজ প্রাইস ১০০ থেকে ৫০০ ডলার।

তবে মনে রাখবেন যেসব প্রোডাক্ট কিছু দিন পর পর আপডেট হয় আমরা সেই সব প্রোডাক্ট নিয়ে কাজ করবো না।

www.boiRboi.info

QUICK & EASY WAY
Your Professional Trainer...
নিজে নিজে এসইও শিখুন
অ্যাডভান্স
সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন
From Advance to Professional
রচনা ও সম্পাদনা
বুকবিডি সিরিজ...
SEO
কী-ওয়ার্ড অ্যানালাইসিস * সার্চ ইঞ্জিন সিক্রেট * এসইও টুলস * মেইল চিম্প
* গুগলের নতুন এসইও স্ট্র্যাটেজি * লিংক তৈরি * এসইও ট্রাবল শুটিং
কিভাবে সবচেয়ে বড় সার্চ ইঞ্জিনকে কন্ট্রোল করে বিশ্বের মাঝে আপনার ওয়েব সাইটকে বেশি পরিচিতি করা যায় এ পুরো বিষয়টি বইটি পড়ে খুব সহজে বুঝবেন। অল্প শিক্ষিত এবং টেকনিক্যাল পাঠক খুব সহজে এসইও শিখতে পারবেন।
ভিডিও টিউটোরিয়াল সহ
All Updated Tools & Techniques of SEO
ডাউনলোড
bookbd.info

অধ্যায়-৩ এসইও (SEO) ----------
৩.১ এসইও (SEO) কী? ----------
৩.২ এস ই ও এর বর্তমান অবস্থা ----------
৩.৩ এসইও এর গুরুত্ব ----------
৩.৪ এসইও এর প্রকারভেদ ----------
৩.৫ অন পেজ এসইও ----------
৩.৬ অফ পেজ এসইও ----------

www.bookbd.info

৩.১ এসইও (SEO) কী?

চিত্র ৩.১.১ (এস ই ও)

এসইও (SEO) এর সম্পূর্ণ অর্থ হল সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন (Search Engine Optimization)। সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন হচ্ছে এমন একটা প্রক্রিয়া যার মাধ্যমে সার্চ ইঞ্জিন গুলো (যেমন গুগল, ইয়াহু এবং বিং) থেকে ওয়েবসাইটের জন্য টার্গেটেড ফ্রি ট্রাফিক বা ভিজিটর আনা যায়। সার্চ ইঞ্জিন থেকে ট্রাফিক পাওয়ার উপর একটা সাইটের সাফল্য নির্ভর করে, হতে পারে সাইটটি এডসেন্স কিংবা এফিলিয়েট মার্কেটিংকে টার্গেট করে কিংবা নিজস্ব পন্য বা সেবা বিক্রি করার জন্য। অনলাইনে সফল প্রায় সকল ওয়েবসাইটই এসইও এর মাধ্যমে অধিকাংশ ট্রাফিক পেয়ে থাকে। ওয়েব সাইটে যত বেশি ট্রাফিক আসবে সেখানে প্রোডাক্ট বিক্রয় কিংবা সেবা প্রদানের হার তথা আয় বাড়ার সম্ভাবনা তত বেশী।

সার্চ ইঞ্জিনগুলো সেসব ওয়েব সাইটকেই প্রথমে প্রদর্শন করে সেগুলোকে বিভিন্ন নীতিমালা অনুসরণ করে প্রথম দিকে রাখে। এক কথায় বলা যায়, সার্চ ইঞ্জিন যেভাবে একটি কনটেন্টকে দ্রুত খুঁজে পেতে পারে, সহজে পড়তে পারে এবং ইউজারের সার্চ অনুসারে সবার উপরে অর্থাৎ প্রথম পাতায় দেখাতে পারে সে ধরণের ব্যবস্থা করার প্রক্রিয়াকেই সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন বলা হয়।

৩.২ এস ই ও এর বর্তমান অবস্থা

সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন এ আধুনিকতার ছোয়া লাগা মাত্র পুরো ইন্টারনেট সিস্টেম এবং ইন্টারনেট ব্যবহারকারীদের মধ্যে ব্যাপক পরিবর্তন আসে। ইন্টারনেট ব্যবহার করা আরো অনেক সহজ হয়। যে কোন কিছু সার্চ ইঞ্জিনে সার্চ করে খুজতে অনেক সহজ হয়। এসইও এর ফলে জীবন যাত্রা অনেক সহজ হয়ে গেছে। ধরুন আপনি কখনো কক্সবাজার যাননি তাই আপনি সেখানকার অবস্থা সম্পর্কে জানেন না। তাই সেখানে কোথায় থাকবেন সেটিও জানেন না। কিন্তু সমস্যা নাই আপনি সার্চ ইঞ্জিনে যদি "Hotel in coxbazar" বা কক্সবাজার হোটেল সম্পর্কিত যে কোন কিছু সার্চ ইঞ্জিনে লিখে সার্চ করেন তাহলেই আপনি কক্সবাজার এর হোটেল সম্পর্কে সমস্ত কিছু জানতে পারবেন। তাহলে নিজেই একটু চিন্তা করে দেখুন সার্চ ইঞ্জিন যদি না থাকত তাহলে হয়তোবা কক্সবাজারের হোটেল খোজার জন্য আপনাকে অনেক কষ্ট করতে হতো। শুধুমাত্র কক্সবাজারের হোটেল নয় আপনার জীবনের প্রতিনিয়ত দরকারী জিনিস গুলো দিয়ে ও সার্চ করতে পারেন আর এসইও এর জন্য আপনি সার্চ ইঞ্জিন এর মাধ্যমে কাঙ্খিত জিনিসটি পাওয়া অনেক সহজ হয়ে গেছে।

www.bookbd.info

৩.৩ এসইও এর গুরুত্ব

সময়ের পেক্ষাপটে যে কোন ব্যবসা প্রতিষ্ঠান তাদের মার্কেটিং ধারনা পাল্টাচ্ছে। ইন্টারনেট এর এ যুগে কোম্পানী গুলো নতুন নতুন মার্কেটিং পদ্ধতি খুজছে। এক্ষেত্রে কোম্পানী তাদের বিজ্ঞাপনের ধারাবাহিকতায় ইন্টারনেট মার্কেটিং (E-Marketing) এর দিকে ধাবিত হচ্ছে। আর ই-মার্কেটিং এর জন্য কোম্পানী গুলোর নির্দিষ্ট পেজ Ranking এর একটি ওয়েব পেইজ বা ওয়েব সাইট দরকার হয়। আর তখনই এসইও কথাটি চলে আসে। আসলে মুল কথা হল এসইও এর উপর একটি সাইটের পর্যবেক্ষনের ভিত্তিতে আজ পুরো পৃথীবিতে বহু নামীদামি ব্যবসা প্রতিষ্ঠান গুলো ই-বিজনেস এ জড়িয়ে পড়ছে কেননা প্রত্যেকেই তার প্রতিষ্ঠান এর জন্য ইফেক্টিভ মার্কেটিং চায় এ কারনেই ই-মার্কেটিং দিতে পারে ব্যবসাকে প্রতিষ্ঠা লাভ।

এসইও হল একটি বিপনন কৌশল যার মাধ্যমে অর্থনীতিতে নতুন গ্রাহক বানানো যায়। এই কৌশল আপনার ওয়েব সাইটকে মার্কেটিং মেশিন বানিয়ে ফেলে এবং কৌশল হিসেবে এটি অনেক সাশ্রয়ী।
বাংলাদেশে দেরিতে শুরু হলেও বর্তমানে বাংলাদেশের বাজারে এসইও এর অনেক চাহিদা রয়েছে। বাংলাদেশে প্রতিনিয়ত অনেক ওয়েব সাইট তৈরি হচ্ছে ওয়েব ডেভেলপমেন্ট হচ্ছে এক তালে। বাংলাদেশে যারা ব্যবসা করেন তাদের মধ্যে ইন্টারনেট সম্পর্কে সচেতন তারা তাদের ব্যবসার প্রচার এর জন্য এসইও কে বেছে নিচ্ছেন। এক কথায় তারা গুরুত্ব সহকারে তাদের ব্যবসার জন্য ই-মার্কেটিং করে যাচ্ছেন এবং ভাল ফলাফল ও পাচ্ছেন।

বাংলাদেশে যথেষ্ট এসইও এর উপর দক্ষ মানুষ আছে যদিও যথেষ্ট বইপত্র, রিসোর্স বা ম্যাটেরিয়াল আমাদের সমস্যা তারপরও আমাদের দেশে দক্ষ লোকজন এসইও করে যাচ্ছেন নিজের দেশের জন্য এবং বিদেশি প্রতিষ্ঠান এর ওয়েব সাইটের জন্য ও এসইও করেন। বাংলাদেশে আইটি সেক্টর এর চাহিদা প্রতিনিয়ত বাড়ছে আর এর চাহিদা পূরনের জন্য গড়ে উঠেছে অনেক আইটি প্রতিষ্ঠান। এ সকল ফার্মে অনেক চাকুরি করছেন এবং ফ্রিল্যাসিং করেও অনেক বৈদেশিক মুদ্রা অর্জন করছেন। এতে একদিকে যেমন বেকার সমস্যা দুর হচ্ছে অন্যদিকে জাতীয় গ্রীডে যুক্ত হচ্ছে ডলার। যেটা আমাদের জিডিপি তে ভাল রকমের প্রভাব ফেলে। সব মিলিয়ে এসইও সারা বিশ্বের ইন্টারনেট ব্যবহারকারীদের নিকট যেমন গুরুত্বপূর্ণ এবং জনপ্রিয় ঠিক মতন বাংলাদেশের এসইও এর প্রভাব অনেক ইতিবাচক। যার ফলে এসইও আমাদের সবার দৈনন্দিন জীবনের অপরিহার্য অংশ হয়ে উঠেছে।

৩.৪ এসইও এর প্রকারভেদ

এসইও এর প্রকারভেদ সম্পর্কে আলোচনা করার সময় প্রথমে বলা যেতে পারে এসইও মূলত দুই প্রকার। যথাঃ

www.bookd.info

1. On Page Optimization
2. Off Page Optimization

অর্থাৎ এসইও করার সময় আপনি সর্ব প্রথম এই দুই ভাবে এসইও করতে পারেন।

চিত্র ৩.৪.১ (এস ই ও এর প্রকারভেদ)

৩.৫ অন পেজ এসইও

অন পেজ এসইও হল আপনার ওয়েব সাইট এর ভিতর এর কাজ গুলো বা সার্চ ইঞ্জিন আপনার ওয়েব সাইটকে কিভাবে খুজে পাবে সেটার প্রসেসকে অন পেজ এসইও বলে। অন পেজ এসইও বিষয়টি সবাসরি আপনার ওয়েব সাইটের কী-ওয়ার্ড এর সাথে সম্পর্কিত থাকে। এর ভিতরে ওয়েব সাইটের মেটা টাইটেল, মেটা ডিসিক্রিপসন, মেটা কী-ওয়ার্ড, হেডিং ট্যাগ, কী-ওয়ার্ড ডেসসিটি, সাইটম্যাপ, ইত্যাদি বিষয় গুলো জড়িত থাকে।

চিত্র ৩.৫.১ (অন পেজ এস ই ও)

অন পেজ এসইও (SEO) Factors?

1. Proper Post Title (H1 tags)
2. ALT Tags (Must use proper ALT tags with targeted keywords)
3. URL structure (One of the most important part in SEO, must contain your main keyword)

4. Meta Description Tag
5. Keyword Density
6. XML sitemap
7. Proper Content (Should be unique)
8. Internal Linking Strategy (Related articles must be properly interlinked within the website)
9. Proper HTML and CSS validation
10. Title Tags

৩.৬ অফ পেজ এসইও

অফ পেইজ অপটিমাইজেশন কে আমরা লিংক বিল্ডিং বলতে পারি। অর্থাৎ সার্চ ইঞ্জিনের প্রথমে কোন ওয়েব সাইটকে আনার জন্য ঐ ওয়েব সাইটের সাথে সম্পর্কিত অন্য ওয়েব সাইটের লিংক বা সংযুক্ত করারকে বলা হয় লিংক বিল্ডিং আর লিংক বিল্ডিং করার পূর্ণ প্রক্রিয়া হল অফ পেইজ আপটিমাইজেশন। এক কথায় বলা যায় অফ পেইজ অপটিমাইজেশন হল কোন ওয়েবসাইটের সেই সাইট সম্পর্কিত অন্য ওয়েব সাইটে তার প্রচার করা।

চিত্র ৩.৬.১ (অফ পেজ এস ই ও)

অফ পেজ এসইও এর প্রকার ভেদ

উপরে উল্লেখিত বিষয়াদি পড়ে আশা করি অফ পেইজ সম্পর্কে আপনাদের ভাল ধারনা হয়েছে। লিংক বিল্ডিং অনেক ভাবে করা যেতে পারে। যেমনঃ

1. Directory Submission
2. Article Submission
3. Forum Posting
4. Bookmarking

5. Social media marketing
6. Blog comments posting
7. Link wheel
8. Video marketing
9. Press
10. RSS Feed ইত্যাদি।

অফ পেইজ অপটিমাইজেশন কেন প্রয়োজন?

যে কোন ওয়েব সাইটের জন্য অন পেজ এর পাশাপাশি অফ পেইজ অপটিমাইজেশন খুবই দুরুত্বপূর্ণ। কোন ওয়েব সাইটকে সার্চ ইঞ্জিনের প্রথমে নিয়ে আসার জন্য প্রথমত অফ পেইজ অপটিমাইজেশন এর দরকার হয়। আপনি যদি কোন সাইটের মালিক হল তখন আপনার উদ্দেশ্য থাকে আপনার পণ্য অথবা সেবা এই সাইটের মাধ্যমে অন্যকে ওয়েব সাইটি থাকলে আপনার সাইটের ট্রাফিক বেশি হবে। এতে আপনার পণ্য অথবা সেবা এর প্রচার ও বেশি হবে। তাই এ কথা আমরা বলতেই পারি আপনার সাইটে তৈরি করার যে উদ্দেশ্য যে উদ্দেশ্য পূরণ করার জন্য অফ পেইজ অপটিমাইজেশন খুবই প্রয়োজন।

অফ পেইজ অপটিমাইজেশন এর সুবিধা?

অফ পেইজ অপটিমাইজেশন এর সুবিধা সমূহ অনেক। একটি ওয়েব সাইট যে উদ্দেশ্য তৈরি করা হয় বলা যায় সেই উদ্দেশ্য পূরনের রাস্তা হল অফ পেইজ অপটিমাইজেশন নিচে এর সুবিধা সমূহ লক্ষ্য করুন

১। অফ পেইজ অপটিমাইজেশন করে যে কোন ওয়েব সাইটের পেইজ র‍্যাংক বাড়ানো যায়।

২। কোন সাইটের ট্রাফিক বাড়ানোর জন্য অফ পেইজ অপটিমাইজেশন অপরিহার্য।

৩। অফ পেইজ বলতে লিংক বিল্ডিং কে বোঝায় তাই একটি সাইটের সাথে অন্য সাইটের লিংক করতে অফ পেইজ অপটিমাইজেশন দরকার হয়।

৪। কোন সাইটের প্রচারের জন্য অফ পেইজ অপটিমাইজেশন অপরিহার্য।

৫। অনলাইনের মাধ্যমে প্রচার করার জন্য অফ পেইজ অপটিমাইজেশন দরকার হয় আর অনলাইনের মাধ্যমে প্রচার করা হলে আর্থিক ব্যায় অনেক কম হয়। অর্থাৎ অফ পেইজ অপটিমাইজেশন এর মাধ্যমে আপনি খুব কম খরচে আপনার পণ্য অথবা সেবা এর খবর খুব সহজেই প্রচার করতে পারেন। ফলে অনলাইনে আপনার পণ্য অথবা সেবা এর প্রচার করে সহজেই অনেক লাভবান হতে পারেন।

অফ পেইজ কিভাবে কাজ করে

অফ পেইজ এস ই ও কাজ করার জন্য দরকার হয় কোন ওয়েব সাইটের নির্দিষ্ট একটি নেটওয়ার্ক যেটা তৈরি হয় অন্য ওয়েব সাইটের সাথে লিংক বা যুক্ত হয়ে থাকে আমরা বলি লিংক বিল্ডিং এর দরকার হয় দু'টি সম্পর্কিত ওয়েব সাইটের মধ্যে সম্পর্ক যেটা কিনা অ্যাকটিভ অবস্থায় আছে অথবা যেটা সরাসরি ওয়েব মাস্টার কর্তৃক অথবা আলাদা ভাবে ওয়েবসাইট কর্তৃক নিয়ন্ত্রিত। এ ধরনের একটি নেটওয়ার্ক বা লিংক বিল্ডিং অফ পেইজ অপটিমাইজেশন খুবই গুরুত্বপূর্ণ।

www.bookbd.info

ওয়েব ওপেন সোর্স ডিজাইন কোড

অ্যাডভান্সড

জুমলা!

মোঃ মিজানুর রহমান

ADVANCED Joomla!™ ...because open source matters

ওয়েব ওপেন সোর্স ডিজাইন কোড

অ্যাডভান্সড

জুমলা!

মোঃ মিজানুর রহমান

আপন মেধায়
Developed
Joomla!™
Extension
ইন্টারনেটে বিক্রয়
তথ্য ও পদ্ধতি সম্বলিত

- টেমপ্লেট
- মডিউল
- কম্পোনেন্ট
- প্লাগইন

অধ্যায়-৪ কী-ওয়ার্ড (Keyword) রিসার্চ এন্ড কম্পেটিটর (Competitor) অ্যানালাইসিস ---

৪.১ কী-ওয়ার্ড (Keyword) কী? ----------
৪.২ কেন আমরা কী-ওয়ার্ড রিসার্চ করবো? ----------
৪.৩ নিস থেকে কী-ওয়ার্ড ----------
৪.৪ নিস সাইট এর জন্য কোন ধরনের কী-ওয়ার্ড সিলেক্ট করা উচিৎ? ----------
৪.৫ কী-ওয়ার্ড সিলেকশন ক্রাইটেরিয়া। ----------
৪.৬ কী-ওয়ার্ড রিসার্চ টুল ----------
৪.৭ কম্পেটিটর (Competitor) অ্যানালাইসিস ----------
৪.৮ কী-ওয়ার্ড ফাইনালাইজেশন ----------
৪.৯ Secondary কী-ওয়ার্ড গুলো বাছাই করা ----------
৪.১০ প্রোডাক্ট রিসার্চ এবং বিজনেস প্লান ফাইনালাইজেশন ----------

www.bookbd.info

বুকবিডি রচিত ও সম্পাদিত অন্যান্য বই সমূহ

- বিগীনিং জুমলা
- অ্যাডভান্সড জুমলা
- প্রফেশনাল জুমলা
- জুমলা টেম্পলেট মেকিং
- বিগীনিং ওয়ার্ডপ্রেস
- অ্যাডভান্সড ওয়ার্ডপ্রেস
- প্রফেশনাল ওয়ার্ডপ্রেস
- ইন্টারনেটে আত্মকর্মসংস্থান-১
- ইন্টারনেটে আত্মকর্মসংস্থান-২
- ই-কমার্স অ্যান্ড জুমলা ভার্চুমার্ট
- ই-কমার্স
- ম্যাক্রোমিডিয়া ড্রিমওয়েভার
- সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন
- অ্যাডভান্সড সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন
- প্রফেশনাল সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন
- ফরেক্স ট্রেডিং
- ই-মার্কেটিং
- এইচ টি এম এল-৫
- অ্যাডভান্সড এইচটিএমএল
- পিএইচপি অ্যান্ড মাই এসকিউএল
- অ্যাডভান্সড পিএইচপি অ্যান্ড মাই এসকিউএল
- অবজেক্ট অরিয়েন্টেড পি.এইচ.পি
- ডেটাবেস মাই এসকিউএল
- সি প্রোগ্রামিং
- জাভা প্রোগ্রামিং
- জাভাস্ক্রিপ্ট
- জুমলা টেমপেট মেকিং
- অ্যাডভান্সড ফটোশপ
- অ্যাডভান্সড ইলাস্ট্রেটর
- প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন
- প্রফেশনার কম্পিউটার নেটওয়ার্কিং
- ওডেস্ক এবং আউটসোর্সিং

www.bookbd.info

- অ্যাফিলিয়েট মার্কেটিং
- ব্লগিং
- সোস্যাল মিডিয়া মার্কেটিং
- ইন্টারনেট মার্কেটিং
- ওয়েব ডিজাইন
- অ্যাডভান্স এক্সেল
- প্রফেশনাল এক্সেল
- অ্যাডভান্স মাইক্রোসফ্ট ওয়ার্ড
- প্রফেশনাল মাইক্রোসফ্ট ওয়ার্ড
- বিগীনিং এক্সেল
- ই-মেইল মার্কেটিং
- মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট
- মাইক্রোসফট এক্সেস
- প্রোগ্রামিং লজিক সি
- ব্লগিং এন্ড সোস্যাল মিডিয়া
- ওপেন সোর্স সফ্টওয়ার
- ক্লাউড কম্পিউটিং
- অ্যানড্রয়েড এবং আই ও এস
- কোডইগনাইটার ফ্রেমওয়ার্ক
- অ্যাডভান্সড পিএইচপি
- এ্যাজাক্স এন্ড জেকোয়েরী
- ই-মেইল মার্কেটিং
- ওয়েব ডিজাইন এন্ড ডেভেলোপমেন্ট
- প্রোগ্রামিং কনসেপ্ট এন্ড লজিক
- অপারেটিং সিস্টেম
- নেটওয়াকিং হাতে খড়
- ওপেন সোর্স সফট্ওয়্যার
- সি# প্রোগ্রামিং
- ডেটাবেজ মাইএসকিউএল এন্ড এমএস এসকিউএল
- ডি এইচটিএমএল এন্ড এক্সএইচটিএমএল
- মোবাইল ফোন
- কম্পিউটার ফান্ডামেন্টাল
- ডেটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম
- উইন্ডোজ
- অ্যাডভান্সড জাভা

www.bookbd.info

- সোস্যাল মিডিয়া মার্কেটিং
- ফেসবুক
- সোস্যাল মিডিয়া ঃ ফেসবুক, টুইটার, লিংকডিন
- গুগল এ্যাডসেন্স
- ইন্টারনেট সিকিউরিটি
- জেকোয়েরী
- ডেভেলপিং রিস্পন্সিভ ওয়েব
- মোবাইল অ্যাপস্ ডেভেলপমেন্ট
- এ্যান্ড্রয়েড ডেভেলপমেন্ট
- ইক্লিপস্ এন্ড নেটভিন্স
- সফ্টওয়্যার ইঞ্জিনিয়ারিং
- সফ্টওয়্যার ডেভেলপমেন্ট
- নেটওয়াকিং হাতে খড়ি
- ফেসবুক মার্কেটিং (ডেলি ওয়ান ওয়ার)
- বেসিক প্রোগ্রামিং
- নতুনদের জন্য প্রোগ্রামিং
- ওরাকল
- কম্পিউটার, ল্যাপটপ, হার্ডওয়্যার, এ+
- এ্যাপিলিয়েট মার্কেটিং
- ফাইথন
- কম্পিউটার নেটওয়্যার্ক
- রিস্পন্সিভ ওয়েব ডিজাইন
- ইনফরমেশন টেকনোলজি
- ফটোগ্রাফি
- ওয়েব অ্যাপলিকেশন ডেভেলপমেন্ট
- ফেসবুক, টুইটার, লিংকডইন, ইফটিউব
- রিস্পন্সিভ ওয়ার্ডপ্রেস থিম ডিজাইন
- ওয়েব অ্যাপ ডেভেলপমেন্ট
- সি# ডট নেট
- সফ্টওয়্যার ইঞ্জিনিয়ারিং
- মেবাইল এন্ড ল্যাপটপ মাষ্টারিং
- এসকিউএল এন্ড পিএলএসকিউএল
- মাষ্টারিং মাইক্রেসফ্ট অফিস
- ডেটা স্টাকচার এন্ড এলগরিদম
- সফ্টওয়্যার ট্রাবলশুটিং

www.bookbd.info

- বুটস্ট্রাপ এন্ড অ্যাঙগিউলার জেএস
- ল্যাপটপ হার্ডওয়্যার এন্ড সফ্টওয়্যার
- মোবাইল হার্ডওয়্যার এন্ড সফ্টওয়্যার
- আইসিটিতে হাতে খড়ি
- মোবাইল ইউজার গাইড

"আমাদের প্রবল ইচ্ছা থাকা সত্ত্বেও আমরা বইটির সম্পূর্ণ কপি আপলোড করতে পারলাম না এ জন্য খুবই দুঃখিত। কেননা বইটি প্রিন্ট কপি বাজারে আছে। আপনারা চাইলে বইটি বাংলাদেশের যে কোন লাইব্রেরি থেকে সংগ্রহ করতে পারেন।"

www.bookbd.info

"বুকবিডি হচ্ছে বাংলাদেশী প্রফেশনাল বাংলা বই সমূহের ওয়েবসাইট। যেখান থেকে আপনি ই-বুক বিনা মূল্যে ডাউনলোড করতে পারবেন। যে বইগুলো আপনাকে আইটি আউটসোসিং এবং আইসটিতে প্রফেশনাল ক্যারিয়ার গড়ে তুলতে সাহায্য করবে। এ ছাড়াও নিজে নিজে কোন প্রকার ট্রেনিং ছাড়াই যে কোন বিষয়ের উপর প্রফেশনাল দক্ষতা অর্জন করতে পারেন এই বই গুলো পড়ে। আর আপনাদের কোন পরামর্শ থাকলে অবশ্যই আমাদেরকে জানাবেন।" এই ঠিকানায়ঃ- infobook7@gmail.com

....